**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**জয়দেবপুর, গাজীপুর**

স্মারক নং-বি-১৬৪/২০১১/প্রশাসন/৭৯৪০ তারিখ: ২৪-০১-২০১৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম. নং | পদের নাম ও বেতনস্কেল/২০১৫ | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>টা: ১৬০০০-৩৮৬৪০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে বিদ্যুৎ কৌশল বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। | |
| ২. | বৈজ্ঞানিক সহকারী<br>টা: ১২৫০০-৩০২৩০/- | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে অন্যূন ২য় শ্রেণীর কৃষি ডিপ্লোমা। | ক্রমিক নং- ২ হতে ৮ এ বর্ণিত পদের ক্ষেত্রে **গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়িয়া, চাঁদপুর, বগুড়া, জয়পুরহাট, পাবনা, রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, গাইবান্ধা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী** জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | সহকারী হোটেল ম্যানেজার<br>টা: ১০২০০-২৪৬৮০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ হোটেল ব্যবস্থাপনা বিষয়ে স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে অন্যূন ০২(দুই) বৎসর মেয়াদী কোর্স সনদপ্রাপ্ত। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ৪. | পরিসংখ্যান সহকারী<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় গণিত ও পরিসংখ্যান বিষয়সহ অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ৫. | টেকনিক্যাল এসিসটেন্ট<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ৬. | কোল্ডস্টোরেজ টেকনিশিয়ান<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৭. | ট্রাক্টর ড্রাইভার<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৮. | পাওয়ার টিলার ড্রাইভার<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৯. | ফটোকপি অপারেটর<br>টা: ৮৮০০-২০২৯০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক্রমিক নং- ৯ হতে ১৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে **গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, লক্ষীপুর, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বরিশাল, ঝালকাঠি** জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১০. | পাওয়ার পাম্প অপারেটর<br>টা: ৮৮০০-২০২৯০/- | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। | |
| ১১. | মুয়াজ্জিন<br>টা: ৮৫০০-২০৫৭০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হতে দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোরআনে হাফেজসহ কারিয়ানা প্রশিক্ষণপ্রাপ্ত। | |
| ১২. | রুম এটেনডেন্ট<br>টা: ৮২৫০-২০০১০/- | ০২<br>(দুই) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৩. | নিরাপত্তা প্রহরী<br>টা: ৮২৫০-২০০১০/- | ০৫<br>(পাঁচ) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |

২। আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত **চাকরির আবেদন ফরম** এ আবেদন করতে হবে। চাকরির আবেদন ফরমটি **www.bari.gov.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
(গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪(চার) কপি রঙ্গিন ছবি
(ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হবে।
(ঙ) সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে।
(চ) সাক্ষাৎকারের সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

৪। সরকারি নিয়োগ বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এবং **মুক্তিযোদ্ধা কোটাভুক্ত আবেদনকারীকে নিম্নেবর্ণিত ছক পূরণ পূর্বক এতদ্‌সংক্রান্ত প্রামাণিক দলিলাদির কপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।**

**ছক**

| মুক্তি যোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বাদুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য/ ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত সনদপত্র দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৬। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। আবেদনকারীর বয়স ৩১-১২-২০১৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। আবেদনপত্রের সাথে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে ক্রমিক নং ১ এ বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ২ হতে ১৩ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করতে হবে।

৯। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যারা নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হবেন শুধুমাত্র তাদেরকেই লিখিত/প্রায়োগিক/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আগামী ২৮-০২-২০১৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।

১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। **প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।**

উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

৫×৫ সে. মি.
ছবি
(সম্প্রতি তোলা, চার কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম : | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ : দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম : | বাংলায় : | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ : | | ৬. জন্মস্থান ( জেলা) : |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নাম : | | |
| ৯. | পিতার নাম : | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | | তারিখ : দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর